

স্মারক নং: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০২৮.২২.১৭২৭

তারিখ: ০৫ শ্রাবণ ১৪২৯  
২০ জুলাই ২০২২

## বিজ্ঞপ্তি

বিষয়ঃ ‘ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২’ এর জন্য আবেদন আহ্বান।


তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে বিশেষ অবদান রাখার জন্য ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে অনুপ্রেরণা, উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে বিভিন্ন ক্যাটাগরিতে শ্রেষ্ঠ ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে ‘ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২’ প্রদানের নিমিত্ত আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদন দাখিল, যাচাই-বাছাই ও মূল্যায়নের তফসিল নিম্নরূপঃ

পর্যায়	সময়সীমা
আবেদন আহ্বান	২০ জুলাই
জেলা এবং জাতীয় পর্যায়ে অনলাইনে আবেদন দাখিল	২৩ জুলাই – ২২ আগস্ট
জেলা এবং জাতীয় পর্যায়ে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই	৩১ আগস্ট
কেন্দ্রীয় কমিটি কর্তৃক জেলা এবং জাতীয় পর্যায়ে প্রাপ্ত বাছাইকৃত আবেদনসমূহ মূল্যায়নপূর্বক সুপারিশ প্রদান	৩০ অক্টোবর
সুপারিশকৃত আবেদনসমূহ ‘জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি’র নিকট প্রেরণ	১০ নভেম্বর
ডিজিটাল বাংলাদেশ পুরস্কার প্রদান	১২ ডিসেম্বর

২। উল্লিখিত সময়সূচি অনুযায়ী পূর্ববর্তী সর্বাধিক ০১ (এক) ক্যালেন্ডার বছর অর্থাৎ জানুয়ারি ২০২১-ডিসেম্বর ২০২১ এর কর্মকাল বিবেচনাপূর্বক ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২১ এবং ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনাবলী সহ নিম্নোক্ত শর্ত/নির্দেশনাবলী প্রতিপালন সাপেক্ষে অনলাইনে আবেদন দাখিল এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

### শর্ত/নির্দেশনাবলীঃ

১. ‘ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২১’ অনুসারে আবেদন দাখিল করতে হবে। বিশেষতঃ এ নীতিমালার ৮ এবং ১০ নম্বর ধারায় বর্ণিত মনোনয়ন ও বাছাই প্রক্রিয়া সম্পর্কিত বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।
২. কোন ব্যক্তি, দল বা প্রতিষ্ঠান কোন উদ্ভাবন/প্রকল্প/উদ্যোগ/অবদান ইত্যাদির জন্য জাতীয় পর্যায়ে পুরস্কার প্রাপ্ত হলে ঐ একই উদ্ভাবন/প্রকল্প/উদ্যোগ/অবদান এর জন্য ডিজিটাল বাংলাদেশ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।
৩. জেলা বাছাই কমিটি সকল ক্ষেত্রে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করতঃ গ্রহণযোগ্য আবেদনসমূহ কেন্দ্রীয় বাছাই কমিটির নিকট নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করবে।
৪. অনলাইনে [www.digitalbangladesh.gov.bd](http://www.digitalbangladesh.gov.bd) ওয়েবসাইটের মাধ্যমে আবেদন দাখিল করতে হবে। এছাড়াও, ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২১, মনোনয়ন ছক এবং এ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনাবলী [www.ictd.gov.bd](http://www.ictd.gov.bd) এবং [www.doict.gov.bd](http://www.doict.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।
৫. পুরস্কার সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
২০. ৭. ২০২২

মোহাম্মদ নাভিদ শফিউল্লাহ  
অতিরিক্ত সচিব (অর্গানাইজেশনাল সাপোর্ট অনুবিভাগ)  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
ও  
সদস্য সচিব  
কেন্দ্রীয় বাছাই কমিটি, ডিজিটাল বাংলাদেশ পুরস্কার  
ফোন: +৮৮-০২-৪১০২৪০৪১